

দৈনিক ইককিলাব

তারিখ ৩
কক্ষ

NOV. 02 1982

দেশের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করতে শিক্ষার বিকল্প নেই - শিক্ষামন্ত্রী

তথ্য বিবরণী : শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এমপি বলেন, বাস্তব প্রয়োজনীয়তার নিরিখে সরকার শিক্ষা পাঠ্যক্রমে পরিবেশ শিক্ষাকে আরো ব্যাপকতর এবং যুগোপযোগী করার উদ্যোগ গ্রহণ করেছে। শিক্ষামন্ত্রী বুধবার ঢাকায় বাংলাদেশ অর্থনীতি-পরিবেশ-দাবিদ্র্য নিমোচন কার্যক্রম (বিইইপিপি) আয়োজিত সম্মেলনব্যাপী অনুষ্ঠিত 'অর্থনীতি-পরিবেশ কোর্সের' সুনন্দ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান ড. শোয়েব আহমেদ, সেক্টার ফর ডেভেলপমেন্ট রিসার্চ-এর চেয়ারম্যান ড. মিজানুর রহমান শেলী, সুইডেন দূতাবাসের কাউন্সেলর আন্দ্রেস গ্রানলুন্দ এবং বিইইপিপি'র পরিচালক ড. ইফতেখার হোসেন অনুষ্ঠানে বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, দেশের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করতে শিক্ষার কোন বিকল্প নেই। তিনি বলেন, দেশের সামাজিক, অর্থনৈতিক উন্নয়নসহ উন্নয়নের সামগ্রিক ক্ষেত্রে পরিবেশের যথেষ্ট প্রভাব রয়েছে এবং বিষয়টি ছাত্র-ছাত্রীসহ সংশ্লিষ্টদের নিকট তুলে ধরতে ইতোমধ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।